

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ পেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ জুন ২০২১ খ্রিঃ

নং ২৯.০০.০০০০.২২৩.০১৮.০৫.১৭(অংশ-১)-১৪০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও পার্বত্য চট্টগ্রাম জনসংহিতি সমিতির মধ্যে
২ ডিসেম্বর ১৯৯৭ তারিখে সম্পাদিত চুক্তি অনুযায়ী ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও
পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাঙ্কফোর্স কমিটিতে তিন পার্বত্য
জেলা প্রশাসক ও তিন পার্বত্য জেলার সার্কেল চিফগণকে এবং টাঙ্কফোর্স কমিটির সদস্য জনাব
এস এম শফির স্থলে এডভোকেট জনাব মহিউদ্দিন কবীরকে অন্তর্ভুক্তপূর্বক নিম্নরূপভাবে কমিটি
পুনর্গঠন করলেন :

- | | |
|--|--|
| (ক) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এম.পি | চেয়ারম্যান
(প্রতিমন্ত্রী পদব্যাধা) |
| (খ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (গ) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (ঙ) বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (চ) জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদস্য |

(১১৩৪৩)

মূল্য : টাকা ৮.০০

(ছ) জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা	সদস্য
(জ) জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা	সদস্য
(ঝ) চাকমা সার্কেল চিফ, রাঙ্গামাটি	সদস্য
(ঝঃ) মৎ সার্কেল চিফ, খাগড়াছড়ি	সদস্য
(ট) বোমাং সার্কেল চিফ, বান্দরবান	সদস্য
(ঠ) ২৪ পদাতিক ডিভিশনের একজন প্রতিনিধি	সদস্য
(ড) পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির একজন প্রতিনিধি	সদস্য
(ঢ) ভারত প্রত্যাগত শরণার্থীদের একজন প্রতিনিধি	সদস্য
(ণ) এডভোকেট মহিউদ্দিন কবীর, পিতা-মৃত শাহজাহান কবীর	সদস্য
(ত) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।	সদস্য-সচিব

২। টাক্ষফোর্সের কার্যপরিধি নিম্নরূপ :

১। প্রত্যাগত শরণার্থী পুনর্বাসন :

- (ক) বাংলাদেশী উপজাতীয় শরণার্থীদের প্রদেয় ২০ (বিশ) দফা প্যাকেজ সুযোগ-সুবিধা যথাযথভাবে দ্রুত বাস্তবায়নে দিকনির্দেশনা ও সহায়তা করার লক্ষ্যে সময়ে সময়ে সরকারের নিকট সুপারিশ পেশ করার পাশাপাশি স্থানীয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের তরফ হতে পরামর্শ ও নির্দেশনা প্রদান এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী উদ্বাস্তুদের পুনর্বাসন নিশ্চিতকরণ;
- (খ) পুনর্বাসন প্রক্রিয়ায় সকল সংশ্লিষ্ট সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতা সমন্বয় রক্ষার্থে পরামর্শ ও সহযোগিতা প্রদান;
- (গ) প্রত্যাগত শরণার্থীদের যেসব স্থানে (নিজের বসতবাটিসহ) পুনর্বাসন করা হয়েছে সরেজমিনে সেসব স্থান পরিদর্শন এবং স্থানীয়ভাবে উদ্ভুত সমস্যাদির (যদি থাকে) সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ/প্রস্তাব বাস্তবায়নের জন্য স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ; এবং
- (ঘ) শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন কার্যক্রম এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পর্যবেক্ষণ করে প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান।

২। অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন :

- (ক) তিন পার্বত্য জেলায় অভ্যন্তরীণ উদ্বাস্তুদের নির্দিষ্টকরণ এবং পুনর্বাসনের জন্য সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের সহায়তা প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;
- (খ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার সমন্বয় সাধন এবং পরামর্শ ও সহযোগিতা প্রদান;
- (গ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত সমস্যাদি স্থানীয়ভাবে সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রদান।

৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম টাক্সফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

৪। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এদের অধীনস্থ সকল অধিদপ্তর/সংস্থাসমূহ টাক্সফোর্সের উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়তা প্রদান করবে এবং টাক্সফোর্সের পরামর্শ, সিদ্ধান্ত প্রতিপালনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৫। টাক্সফোর্সের কর্মপরিধি হবে পার্বত্য তিনটি জেলা এবং এর কার্যালয় হতে খাগড়াছড়ি পার্বত্য জেলা সদর।

৬। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় টাক্সফোর্সকে প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা প্রদানসহ এ সংক্রান্ত ব্যয় বহন করবে।

৭। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৭-০৮-২০০৯ তারিখের পাচবিম (সম-১)-০৯/৯৯(অংশ-১)-৩১৫ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী গঠিত টাক্সফোর্স এ প্রজ্ঞাপন প্রকাশের সংগে সংগে বিলুপ্ত বলে গণ্য হবে।

৮। পুনর্গঠিত টাক্সফোর্স অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আশীর কুমার সাহা

উপসচিব।